গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তালা, সাতক্ষীরা।
www.tala.satkhira.gov.bd

স্মারক নং ঃ ০৫.৪৪.৮৭৯০.০০০.৩৮.০০৭.১৭- ১৪০৭

তারিখ ঃ ০৫/০৯/২০১৭ খ্রিঃ ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ গেজেটের ৬ মে, ২০১৫ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২১ বৈশাখ,১৪২২ বঙ্গাব্দ /০৪ মে ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখের এস,আর,ও নং-৮৯ আইন/২০১৫ এর দ্বিতীয় অধ্যায়ের আদেশ এবং বাংলাদেশ গেজেটের ১৩ জুলাই,২০১৬ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২৮ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ /১২ জুলাই ২০১৬ খ্রিষ্টাব্দ তারিখের এস,আর,ও নং ২২৭-আইন/২০১৬ এর প্রদত্ত আদেশ এবং বাংলাদেশ গেজেটের ১৫নভেম্বর,২০১৬ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২৯ কার্ত্তিক,১৪২৩ বঙ্গাব্দ/ ১৩ নভেম্বর,২০১৬ তারিখের এস,আর,ও নং ৩৩৬-আইন/২০১৬ এর প্রদত্ত আদেশবলে সাতক্ষীরা জেলাধীন তালা উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের (দফাদার-মহল্লাদার ) শূন্যপদে লোক নিয়োগের জন্য স্ব-স্ব ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | পদের সংখ্যা | | ওয়ার্ড নম্বর | পদের বিপরীতে মাসিক বেতন | | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|---|
| | | দফাদার | মহল্লাদার | | দফাদার | মহল্লাদার | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | ধানদিয়া | ১ | ১ | ৭ নং ওয়ার্ড | সরকার কর্তৃক নির্ধারিত হারে | সরকার কর্তৃক নির্ধারিত হারে | দফাদার ঃ পদোন্নতির ক্ষেত্রে ঃ মহল্লাদার পদে অন্যূন ১০ ( দশ) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । মহল্লাদার ঃ সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট ( জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । |
| ২ | নগরঘাটা | - | ১ | ৭ নং ওয়ার্ড | | | |
| ৩ | কুমিরা | - | ১ | ৪ নং ওয়ার্ড | | | |
| ৪ | তালা | - | ১ | ৮ নং ওয়ার্ড | | | |
| ৫ | মাগুরা | - | ১ | ৫ নং ওয়ার্ড | | | |
| ৬ | খেশরা | - | ১ | ২ নং ওয়ার্ড | | | |
| ৭ | জালালপুর | - | ১ | ৯ নং ওয়ার্ড | | | |
| ৮ | খলিলনগর | - | ২ | ১ এবং ৪ নং ওয়ার্ড | | | |

১। মহল্লাদার পদে সংশ্লিষ্ট ইউনিয়ন বা, সম্ভব হলে ওয়ার্ড হতে নিয়োগ প্রদান করা হবে ।

২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম,মাতার নাম স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স ( ২৫/০৯/২০১৭খ্রিঃ পর্যন্ত ), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) ও বিশেষ কোটার প্রার্থী হলে তা উল্লেখসহ প্রার্থীকে স্বহস্তে আবেদন করতে হবে।

৩। প্রার্থীর উচ্চতা পুরুষ প্রার্থীর ক্ষেত্রে কমপক্ষে ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) ও ওজন সর্বনিম্ন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ফুট, সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ; ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) ও সর্বনিম্ন ওজন ৪৫ কেজি ।

৪। আবেদনের সাথে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।

৫। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

(ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র (খ) জাতীয় পরিচয় পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি (গ) পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি (ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদ (ঙ) সকল শিক্ষগত যোগ্যতা/ অভিজ্ঞতার সত্যায়িত সনদ । সকল সত্যায়িত কাগজপত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামাঙ্কিত সিল থাকতে হবে তা না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে ।

৬। কোন কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে ।

চলমান পাতা -০২

৭। ১০.০০ (দশ) টাকা ডাকটিকিট লাগানো প্রার্থীর ঠিকানা সম্বলিত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি খাম আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

৮। প্রার্থীর বয়স আগামী ২৫/০৯/২০১৭ খ্রিঃ তারিখ ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য ।

৯। প্রার্থীকে আগামী ২৫/০৯/২০১৭ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে আবেদনপত্র জমা দিতে হবে। বিলম্বে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ যোগ্য হবে না ।

১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন / সকল দরখাস্ত গ্রহণ / বাতিল করার ক্ষমতা রাখেন ।

(মোঃ ফরিদ হোসেন)
farid070274@yahoo.com
উপজেলা নির্বাহী অফিসার
তালা, সাতক্ষীরা।

স্মারক নং ঃ ০৫.৪৪.৮৭৯০.০০০.৩৮.০০৭.১৭- ১৪০৭

তারিখ ঃ ০৫/০৯/২০১৭ খ্রিঃ ।

অনুলিপি : সদয় অবগতি / অবগতি ও বহুল প্রচারের জন্য ।

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

২। জনাব মুস্তফা লুৎফুল্লাহ, মাননীয় সংসদ সদস্য, ১০৫- সাতক্ষীরা-১, তালা-কলারোয়া ।

৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

৫। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা ।

৬। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা ।

৭। জেলা প্রশাসক,সাতক্ষীরা ।

৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা ।

৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালা, সাতক্ষীরা ।

১০। উপজেলা ----------------------------------------অফিসার (সকল) তালা ।

১১। চেয়ারম্যান--------------------------------------------------------------ইউনিয়ন পরিষদ (সকল) তালা ।

১২। সম্পাদক , দৈনিক পত্রদূত, সাতক্ষীরা / দৈনিক কাফেলা, সাতক্ষীরা । বিজ্ঞপ্তিটি তার বহুল প্রচারিত পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১(এক) দিন প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো এবং বিল ও ১০ (দশ) কপি পত্রিকা এ অফিসের প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো ।

উপজেলা নির্বাহী অফিসার
তালা, সাতক্ষীরা।